

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বেসরকারি মাধ্যমিক-৩

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.shed.gov.bd



নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৩.২০১৫-৯৮

তারিখ: ০৫ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ  
১৮ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: চাঁদপুর জেলার সদর উপজেলাধীন ফরঞ্জাবাদ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ হামান মিজি এর বিরুক্তে ব্যবস্থা গ্রহণ।

সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৩১.২৩.২০২২-১৯১১, তারিখ : ১৪/১১/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলাধীন ফরঞ্জাবাদ উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক বর্তমানে প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ হামান মিজি (ইনডেক্স-৪৪৫৮০০) এর বিরুক্তে ‘সহকারী শিক্ষক’ হিসেবে যোগদান করেও পূর্ব পদের অর্থাৎ করণিক পদের এমপিও গ্রহণ করার অভিযোগ, অতিরিক্ত শ্রেণি শাখা খোলার অনুমতি পাওয়ার পূর্বে নিয়োগ দেওয়ার অভিযোগ, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির রেজুলেশনে জনাব মোঃ হামান মিজি নামটি পৃথকভাবে সংযোজনের অভিযোগ এবং জনাব মোঃ রফিক উল্ল্যাহ পাটওয়ারী নির্বাচিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হওয়া সত্ত্বেও খড়কালীন শিক্ষক হিসেবে কর্মরত রাখার অভিযোগ প্রমাণিত হয়।

০২। তৎপ্রেক্ষিতে বিগত ০৬/১০/২০২২ তারিখে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক কারণ দর্শনো হলে জনাব মোঃ হামান মিজি কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১৮.১(গ) অনুযায়ী তার এমপিও বাতিলের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬০৪/২০২৬  
(মোঃ মিজানুর রহমান)

উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল : nongovt.secondary.sec3@shed.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
৪. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, চাঁদপুর।
৬. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৭. সভাপতি, ফরঞ্জাবাদ উচ্চ বিদ্যালয়, সদর, চাঁদপুর।
৮. জনাব মোঃ হামান মিজি, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), ফরঞ্জাবাদ উচ্চ বিদ্যালয়, সদর, চাঁদপুর।
৯. অফিস কপি।